বিশ্বমানের জাতীয়
পরিসংখ্যান ব্যবস্থা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা অধিশাখা

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতির উপর ফিডব্যাক সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | শিরীন রুবী<br>যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ২৭ জানুয়ারি ২০২২ খ্রি. |
| সভার সময় | বেলা ১২.০০টা |
| স্থান | অনলাইন প্ল্যাটফর্ম |
| উপস্থিতি | সংযুক্ত |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি মোসা: কামরুন্নাহার, উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ'কে সভার আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপনা প্রদান করার জন্য অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে উপসচিব, বাজেট ১৭ অক্টোবন, ২০২১ তারিখে অনুষ্ঠিত ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী পাঠ করেন। কোনোরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এ পর্যায়ে তিনি জনাব নয়ন কান্তি রায়, পরিসংখ্যান কর্মকর্তা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোকে আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপনার জন্য অনুরোধ করেন। জনাব নয়ন কান্তি রায় গত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা নিম্নরূপে উপস্থাপন করেন:

| ক্র.নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| (১) | বিবিএস এর ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার সকল কোয়ার্টারের বাস্তবায়িত প্রতিবেদন যথাসময়ে এ বিভাগে প্রেরণ করতে হবে। একই সাথে মাঠ পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের দিকে লক্ষ্য রাখতে হবে। | যথাসময়ে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করা হয়েছে এবং মাঠ পর্যায়ের কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের জন্য তদারকি করা হচ্ছে। |
| (২) | PSC ও PIC সভাগুলো সঠিক সময়ে সম্পন্নের প্রতি খেয়াল রাখাসহ যথাসময়ে প্রমাণকগুলো এ বিভাগে প্রেরণ করতে হবে। একই সাথে এ অর্থবছরে কোন প্রকল্পের মেয়াদ শেষ হলে সেই প্রকল্পের যানবাহন, কম্পিউটার ও আসবাবপত্র ইত্যাদি যথাসময়ে বিধি মোতাবেক হস্তান্তর করতে হবে। | PSC ও PIC সভাগুলো যথাসময়ে অনুষ্ঠিত হয়েছে এবং প্রমাণকসমূহ বাস্তবায়ন অগ্রগতির সাথে প্রেরণ করা হয়েছে এবং কোন প্রকল্প শেষ হলে বিধি মোতাবেক সেই প্রকল্পের যানবাহন, কম্পিউটার ও আসবাবপত্র ইত্যাদি যথাসময়ে বিধি মোতাবেক হস্তান্তর করতে হবে। |
| (৩) | বিবিএস এর কর্মপরিকল্পনার ৩নং কার্যক্রম শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক উল্লিখিত ৫টি কার্যক্রম যথানিয়মে বাস্তবায়ন করতে হবে। | কর্মপরিকল্পনার ৩নং কার্যক্রম শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক উল্লিখিত ৫টি কার্যক্রম যথানিয়মে বাস্তবায়ন করা হচ্ছে। |

০২। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে অদ্যকার সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপ:

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ১.১ নৈতিকতা কমিটির সভা | ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কোয়ার্টার ভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রমাণকসহ বিভাগে প্রেরণ এবং স্ব স্ব ওয়েবসাইটে আপলোডের বিষয়ে আলোচনা হয়। | ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে বিভাগে প্রেরণ করতে হবে এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ওয়েবসাইটে আপলোড করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা বিবিএস |
| ২ | ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত নির্ধারিত সময়ে বাস্তবায়নের উপর আলোচনা হয়। | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ৩ | ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণেসভা | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভায় সংশ্লিষ্ট অংশীজনের উপস্থিতির বিষয়ে আলোচনা হয়। | অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ গণমাধ্যম/সুশীল সমাজ ও শিক্ষক প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৪ | ২.১ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | প্রকল্পের PSC সভা বিভাগে অনুষ্ঠিত হয়। PIC সভা বিবিএস এ আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ৩য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী Project Implementation Committee (PIC) সভা নির্ধারিত সময়ে আয়োজন করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৫ | ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতির লক্ষ্যমাত্রা নির্ধারণের বিষয়ে আলোচনা হয়। | বার্ষিক উন্নয়ন কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতির লক্ষ্যমাত্রা ৫০% এর পরিবর্তে ৮০% নির্ধারণ করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৬ | ২.৪ সমাপ্ত প্রকল্পের যানবাহন, কম্পিউটার ও আসবাবপত্র ইত্যাদি যথাসময়ে বিধি মোতাবেক হস্তান্তর | সমাপ্ত প্রকল্পের যানবাহন, কম্পিউটার ও আসবাবপত্র ইত্যাদি যথাসময়ে বিধি মোতাবেক হস্তান্তরের বিষয়ে আলোচনা হয়। | বৈদেশিক সাহায্যে বাস্তবায়িত প্রকল্প সমাপ্ত হলে সংশ্লিষ্ট সংস্থার নির্দেশনা/ গাইডলাইন অনুযায়ী যানবাহন, কম্পিউটার ও আসবাবপত্র ইত্যাদি হস্তান্তরের জন্য প্রকল্প পরিচালককে পত্র দিতে হবে এবং নিষ্পত্তিঅন্তে প্রমাণকসহ বিভাগে প্রেরণ করতে হবে। | পরিচালক এফ এ এন্ড এমআই এস উইং এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৭ | ৩.১ বিবিধ | ৩য় প্রান্তিকের কার্যক্রমসমূহ লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়। | ৩য় প্রান্তিকের কার্যক্রমসমূহ যথাযথভাবে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে। | পরিচালক এফ এ এন্ড এমআই এস উইং এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

০৩। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

শিরীন রুবী
যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ৫২.০০.০০০০.০২১.৯৯.৫৫৯.২১.৩৪ তারিখ: ২৩ মাঘ ১৪২৮

০৬ ফেব্রুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), উন্নয়ন-২ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

২) উপসচিব, এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

৩) উপসচিব , উন্নয়ন-১ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

৪) পরিচালক, এফএ এন্ড এমআইএস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)

৫) উপসচিব, প্রশাসন-১ অধিশাখা , পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

৬) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

৭) সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-২ শাখা , পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

৮) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি -২ শাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

৯) পরিসংখ্যান কর্মকর্তা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

১০) প্রোগ্রামার, প্রোগ্রামার (আইসিটি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

১১) ব্যক্তিগত কর্মকর্তা , যুগ্মসচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

মোসাঃ কামরুন্নাহার
উপসচিব